

লালমাটিয়া মহিলা কলেজ
(আবাসিক/অনাবাসিক)

ফোন : ০২-৪৮১২০৭৯২, ০২-৪৮১১৮৫৪৩ মোবাইল : ০১৫৫৯-০৮২১৫০
কলেজ কোড : ৬৪৪৭, ওয়েবসাইট : www.lalmatiamohilacollege.edu.bd

**জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক কলেজ পারফরমেন্স র্যাংকিং-এ জাতীয় পর্যায়ে সেরা মহিলা কলেজ ও
মডেল কলেজ হিসেবে স্বীকৃত ঐতিহ্যবাহী লালমাটিয়া মহিলা কলেজ**

**২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে রিলিজ প্লিপে অনলাইন আবেদন
সম্পর্কিত বিজ্ঞপ্তি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) কোর্সে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরী সায়েন্স-এ ভর্তির কার্যক্রমে রিলিজ প্লিপে অনলাইন আবেদন ২১/১২/২০২১ থেকে ০২/০১/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে ভর্তির কার্যক্রমে যে সকল আবেদনকারী ক) মেধা তালিকায় স্থান পায়নি খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি গ) মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ প্লিপে আবেদন করতে হবে।

আবেদন প্রক্রিয়া: আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Applicant Login অপশনে Masters (Prof.) Login লিংকে গিয়ে আবেদন ফরমে উল্লিখিত রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। College Selection Option এ গিয়ে শিক্ষার্থীকে পছন্দ অনুযায়ী কলেজ Select করে Eligible বিষয়ের পছন্দক্রম এন্ট্রি দিতে হবে। আবেদনকারীকে রিলিজ প্লিপের ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। রিলিজ প্লিপের আবেদন ফরম ও কোন প্রকার ফি কলেজে জমা দিতে হবে না। ছুটির দিন ব্যতীত কলেজের অভ্যন্তরে প্রতিদিন সকাল ৯.০০-টা থেকে বিকেল ৪.০০-টা পর্যন্ত অনলাইনে ফ্রি আবেদন করার বুথ খোলা থাকবে। বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) ও কলেজের ওয়েব সাইট (www.lalmatiamohilacollege.edu.bd) থেকে জানা যাবে।

লালমাটিয়া মহিলা কলেজে প্রফেশনাল কোর্স : ডিপ্লোমা ইন লাইব্রেরী সায়েন্স।

স্বাক্ষরিত/-

অধ্যক্ষ

লালমাটিয়া মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ১৬(৭৬৯)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০২১-২২/৪৭৪৩

তারিখ: ২০/১২/২০২১

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপে অনলাইন আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে এলএলবি ১ম পর্ব (২০২১-২২), পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম (২০২১-২২), পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স (২০২১-২২), এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (২০১৯-২০), মাস্টার অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন [এমবিএ] (২০১৯-২০) ও এমবিএ ইন অ্যাপারেল মার্চেণ্ডাইজিং (২০২০-২১) কোর্সসমূহের ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের অনলাইন আবেদন ২১ ডিসেম্বর ২০২১ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ০২ জানুয়ারি ২০২২ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে যে সকল আবেদনকারী ক) মেধা তালিকায় স্থান পায়নি খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি গ) মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, কলেজ কর্তৃক যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন অনলাইনে নিশ্চয়ন করা হয়নি, সে সকল আবেদনকারী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না।

এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপে অনলাইন আবেদনের তারিখ:	২১/১২/২০২১
	ক) রিলিজ স্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশনে Masters (Prof.) Login লিংকে গিয়ে আবেদন ফরমে উল্লিখিত রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে।	থেকে ০২/০১/২০২২
	খ) এ পর্যায়ে আবেদনকারী বিভাগ ও জেলাভিত্তিক College Selection অপশনে গিয়ে যে কোন কলেজ Select করলে ঐ কলেজে তার ভর্তি যোগ্য (Eligible) কোর্সে শূন্য আসনের তালিকা দেখতে পাবে। আবেদনকারীকে প্রতিটি কলেজের ক্ষেত্রে কোর্সভিত্তিক শূন্য আসনের তালিকা থেকে তার ভর্তি যোগ্য (Eligible) কোর্সের পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে। এভাবে একজন আবেদনকারীকে পর্যায়ক্রমে তার পছন্দ অনুযায়ী তিনটি কলেজে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে হবে।	
	গ) আবেদনকারীকে রিলিজ স্লিপের আবেদন ফরমটি ডাউনলোড করে অফসেট সাদা কাগজে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে তবে এই ফরমটি আবেদনকৃত কলেজসমূহে জমা দিতে হবে না ও কোন ফি প্রদান করতে হবে না।	
	ঘ) রিলিজ স্লিপের আবেদন সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।	

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডিন

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ই-মেইল- pgdeanoffice@gmail.com

তারিখ: ২০/১২/২০২১

স্মারক নং- ১৬(৭৬৯)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০২১-২২/৪৭৪৩

বিতরণ:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিকমিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

স্বাক্ষরিত/-

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স ও প্রফেশনাল)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪